



বাংলা উইকিপিডিয়ার  
দশম প্রতিষ্ঠাবার্ষিকী  
উদযাপন ও আন্তর্জাতিক সম্মেলন



সহযোগিতা  
ভাষা ও ভাষা বিজ্ঞান শাখা  
যাদবপুর বিশ্ববিদ্যালয়

১৮৮, রাজা সুবোধ চন্দ্র মল্লিক, কলকাতা - ৭০০ ০৩২  
৯-১০ জানুয়ারি ২০১৫

আজ থেকে ঠিক চোদ্দ বছর আগে একটি অদ্ভুত শিরোনামযুক্ত ওয়েবসাইট থেকে সারা বিশ্বের মানুষকে জানানো হয়েছিল এক অভূতপূর্ব আহ্বান, - “আসুন, সবাই মিলে একটি মুক্ত বিশ্বকোষ রচনা করি।” 'Astronomer' সম্পর্কে সেই বিশ্বকোষে লেখা হয়েছিল, - “Scientist whose area of Research is Astronomy.” সেইসঙ্গে সুইডেন সম্পর্কে লেখা হল, - “Country in Northern Europe. Inhabitants are called Swedes. Language spoken is Swedish. Capital is Stockholm.” উইকিপিডিয়ার শুরুটা ছিল এমনই মামুলি। কিন্তু এই শুরুর ইতিহাস থেকে বেড়ে উঠতে খুব একটা সময় লাগল না তার। মাত্র এক মাসের মধ্যেই লেখা হয়ে গেল হাজারখানেক নিবন্ধ। পরবর্তী পাঁচ বছরে চালু হল আরও কয়েকটি বিভিন্ন ভাষার উইকিপিডিয়া। ধীরে ধীরে তথ্যের ব্যাপ্তি ও নিবন্ধের ভাবগত গভীরতায় অন্যান্য তথ্যের উৎসগুলিকে অনেকটাই পিছনে ফেলে দিল উইকিপিডিয়া। এই বিরাট সাফল্যের পিছনে রহস্য ছিল একটাই - এই ক্ষেত্রটিতে লেখালেখির স্বাচ্ছন্দ্য তুলনামূলকভাবে বেশি, অর্থাৎ যে কেউ লিখতে পারেন উইকিপিডিয়ায়।

এখন প্রতি মাসে ৪০ কোটিরও বেশি মানুষ ব্যবহার করেন উইকিপিডিয়া। তথ্যসমৃদ্ধ এবং উচ্চমানসম্পন্ন লেখাই পাঠকসমাজে উইকিপিডিয়ার জনপ্রিয়তার মূল কারণ। সেইসঙ্গে এইসব লেখা আবার পাওয়া যায় সম্পূর্ণ বিনামূল্যে; এমনকি কোনোরকম বিজ্ঞাপনী উৎপাত ছাড়াই! গত এক দশকে সারা বিশ্বে তৈরি হয়েছে উইকিপিডিয়ার এক অদ্বিতীয় স্বেচ্ছাসেবক সম্প্রদায়। বর্তমানে এই সম্প্রদায়ের সৌজন্যেই বিশ্বের মোট ২৭০টি ভাষায়, ১ কোটি ৭০ লক্ষের মতো নিবন্ধ সৃষ্টি করা সম্ভব হয়েছে উইকিপিডিয়ায়। সেইসঙ্গে জ্ঞানকে মুক্ত করে দেওয়া সম্ভব হয়েছে এই বিশ্বের প্রতিটি মানুষের জন্য।

উইকিপিডিয়ার এই যাবতীয় কর্মকান্ড পরিচালনার পিছনে রয়েছে 'উইকিমিডিয়া ফাউন্ডেশন' নামক একটি অলাভজনক দাতব্য সংস্থা। ২০০৩ সালে জিমি ওয়েলস্ এই সংস্থাটি প্রতিষ্ঠা করেন, যেটির যাবতীয় ব্যয়ভারের সম্পূর্ণটাই অনুদানের অর্থের ওপর নির্ভরশীল। উল্লেখ্য, অনুদান সংগ্রহের ইতিহাসে বৃহত্তম সাফল্য অর্জন করেছে এই সংস্থা। মোট ৫ লক্ষ অনুদানকারী এই বিশ্বকোষ পরিচালনার্থে দান করেছেন ১৬ মিলিয়নেরও বেশি মার্কিন ডলার।



উইকিমিডিয়া  
ফাউন্ডেশন



উইকিপিডিয়া  
একটি মুক্ত বিশ্বকোষ  
<http://bn.wikipedia.org>



২০০৪ সালের জানুয়ারি মাসে এই মুক্ত বিশ্বকোষের বাংলা সংস্করণটি ( <https://bn.wikipedia.org/>) চালু করে উইকিপিডিয়া। বর্তমানে এই সংস্করণের নিবন্ধের সংখ্যা ৩৩ হাজারের কিছু বেশি। এক্ষেত্রে নিবন্ধিত ব্যবহারকারীর সংখ্যা ৭৪ হাজার এবং বিগত এক মাসে সক্রিয় ব্যবহারকারীর সংখ্যাটি হল ৪৭৩। পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ থেকে মোট দশজন প্রশাসক বাংলা উইকিপিডিয়ার কাজকর্ম তদারক করেন। এই উইকিপিডিয়া গড়ে ওঠার পিছনেও রয়েছে দুই বাংলার ব্যবহারকারীদের যৌথ উদ্যোগ এবং সম্মিলিত প্রচেষ্টা। যদিও প্রচারের অভাবে বাংলা উইকিপিডিয়ার সাফল্য ইংরেজি উইকিপিডিয়ার তুলনায় এখনও অনেকটাই কম। সেই কারণেই, বাংলা উইকিপিডিয়ার মানোন্নয়নের মাধ্যমে এই সমস্যা দূর করে বাংলা ভাষার এই জ্ঞানভাণ্ডারকে সমগ্র বিশ্বের সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়াই হল আমাদের কর্মকান্ডের মূল লক্ষ্য।

২০১৫ সালের জানুয়ারি মাস সমগ্র বিশ্বের বাংলা উইকিপিডিয়ানদের কাছে যথেষ্ট গুরুত্বপূর্ণ। এই মাসেই বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের উইকিপিডিয়া সম্প্রদায়ের উদ্যোগে পালিত হচ্ছে এই মুক্ত বিশ্বকোষের দশম প্রতিষ্ঠাবার্ষিকী। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রত্যক্ষ সহযোগিতায় ভাষা ও ভাষাবিজ্ঞান শাখার উদ্যোগে দু'দিন ব্যাপী এই সম্মেলনের মাধ্যমে এই প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন করা হবে। এই সম্মেলনের সমান্তরাল কর্মসূচি হিসেবে রয়েছে - ফটোগ্রাফি প্রতিযোগিতা, ফটো ওয়াক এবং নিবন্ধরচনা প্রতিযোগিতার মতো বিভিন্ন বিষয় এবং দুই বাংলার উইকিপিডিয়ানদের যৌথ আলোচনাচক্র।

এই সমগ্র অনুষ্ঠানটি আয়োজনের পেছনে রয়েছে 'উইকিমিডিয়া ফাউন্ডেশন'র ভারত শাখার কলকাতা সম্প্রদায় এবং স্বেচ্ছাসেবী সমর্থকদের অপরিসীম উৎসাহ। যে কেউ এই অনুষ্ঠানে একটি নিবন্ধীকরণের মাধ্যমে অংশগ্রহণ করতে পারেন, যা আমাদের উইকিপিডিয়া সম্প্রদায়ের বহুত্ববাদী চরিত্রের প্রতিফলন। নিবন্ধীকরণের জন্য নিম্নলিখিত লিঙ্কটি দ্রষ্টব্য - <http://bn10.doattend.com>

বর্তমানে ভারতীয় ভাষায় উইকিপিডিয়ার সংখ্যা ২০। এছাড়া আরও ২০টি ভারতীয় ভাষার উইকিপিডিয়া এখন অনুমোদনের অপেক্ষায় রয়েছে। যদিও উইকিপিডিয়ার সামগ্রিক সম্পাদনায় ভারতীয়দের অবদান মাত্র ১.৩ শতাংশ এবং বিশ্বব্যাপী উইকিপিডিয়ার পাঠকদের মাত্র ৪.৭ শতাংশ ভারতীয়। এই কারণেই, উইকিপিডিয়ার দশম প্রতিষ্ঠাবার্ষিকী উৎসবটি বাঙালি উইকিপিডিয়ানদের কাছে শুধুমাত্র একটি আন্তর্জাতিক সম্মেলন নয়, এটি সাধারণ মানুষের মধ্যে এই মুক্ত বিশ্বকোষকে সুপরিচিত করে তোলার একটি সুবর্ণ সুযোগও বটে। আসলে তথ্য বা জ্ঞানের কোনো মালিকানা নেই, জ্ঞান সকলের জন্য। তাই জ্ঞানকে মেধাস্বত্ব বা কপিরাইট আইন দিয়ে বেঁধে না রেখে উইকিপিডিয়ার মাধ্যমে মুক্ত করে দেওয়ার এই প্রয়াস এককথায় অনবদ্য। জ্ঞান হয়ে উঠুক জাতি-ধর্ম-শ্রেণি ধনী-দরিদ্র নির্বিশেষে সকলের কাছে সহজলভ্য - এক কথায় এই হল উইকিপিডিয়ার ব্রত।

